# বারিধারা ডিওএইচএস পরিষদ

## ঢাকা সেনানিবাস

### ৮১তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ০৯ জুলাই ২০১৪ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১০ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০১ ঃ* গত ১১ জুন তারিখের একজিকিউটিভ কমিটির ৮০তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) প্রস্তাব করেন এবং গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০২ ঃ* সেনাসদরের চাহিদা অনুযায়ী ৫৩তম সভায় উপস্থাপনের জন্য সকল ডিওএইচএস সমূহকে স্বাবলম্বী করার ব্যাপারে অত্র পরিষদ হতে প্রেরিত পয়েন্টসমূহ নিয়ে সভাপতি উপস্থিত সকল সদস্যদের সাথে আলোচনা করেন। | সভাপতি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* ফিটনেস সেন্টারের Instruments Fitting সহ সকল কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। ফিটনেস সেন্টারটি অনতিবিলম্বে Instruments Fitting সহ রমজানের পরে ব্যবহার উপযোগী করার জন্য সভাপতি পর্ষদকে অনুরোধ করেন। | ফিটনেস সেন্টার কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ* কর্ণেল মোহাম্মদ গোলাম মোস্তফা, পিএসসি (অবঃ) এর তত্ত্বাবধানে মসজিদের পশ্চিম ও দক্ষিণ পার্শ্ব হার্ডস্ট্যান্ডিং ও টাইলস ফিটিং সুন্দরভাবে সম্পন্ন করার ব্যাপারে আলোচনা করা হয়। | সভাপতি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল কর্মকর্তা/কর্মচারীগণের প্রস্তাবিত পে-স্কেল-২০১৪ অনুমোদনের ব্যাপারে আলোচনা করা হয় এবং নিম্ন বর্ণিত সদস্যগনের মাধ্যমে পে-স্কেল কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক প্রস্তাবিত পে-স্কেল নির্ধারণ পূর্বক আগামী ২০ আগষ্ট ২০১৪ তারিখের মধ্যে সভাপতি বরাবর প্রতিবেদন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভাপতি ঃ লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ)<br><br>সদস্য ঃ ১। কর্ণেল মোহাম্মদ গোলাম মোস্তফা, পিএসসি (অবঃ)<br>২। মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) | সভাপতি/ সেক্রেটারী/ পে-স্কেল কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদ সিকিউরিটি সুপারভাইজার মোঃ মহসীন আলীকে চাকুরী হতে অব্যাহতি দেয়ার ব্যাপারে আলোচনা হয়। সিকিউরিটি সুপারভাইজার মোঃ মহসীন আলী দায়িত্ব কর্তব্য অবহেলা ও আইন শৃঙ্খলা ভঙ্গজনিত কারণে ইতিপূর্বে একাধিকবার মৌখিকভাবে সতর্ক করা করা সত্ত্বেও পত্রের মাধ্যমে সতর্ক করা হয় যা সত্ত্বেও সে প্রতিনিয়ত দায়িত্ব অবহেলা করে আসছে। নূন্যতম ৫দিন ডিউটি সুপারভাইজার থাকা অবস্থায় শারীরিক অসুস্থতা দেখিয়ে নিজ ইচ্ছায় চলে যায় ও অসুস্থতা দেখিয়ে ২/৩ দিন ডিউটি না করে বিশ্রাম না নিয়ে সিকিঃ ব্যারাকে কেরামবোট খেলা। ১৮ মে ২০১৪ তারিখে স্কুল গেইটে ডিউটি থাকা অবস্থায় কর্ণেল শরীফ ওয়ালিউর রহমান, বাড়ী # ২৫৭ এর মিসেস এবং ছেলের ডিওএইচএস প্রবেশ করার সময় তাদের সাথে খারাপ আচরণ করা। গত ৩১ মে ২০১৪ তারিখে স্কুল গেইটে রাত ১০টা থেকে পরের দিন ভোর ৬টা পর্যন্ত ডিউটি থাকা অবস্থায় ডিউটি শেষ হবার পূর্বেই কাউকে না জানিয়ে ভোর ৪.৩০ মিনিটের সময় বাসায় চলে যান। বিএসআই এর কোন মালবাহী/নির্মাণ সামগ্রী বহনকৃত গাড়ী ভিতরে প্রবেশ নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও ভোর ৫টার সময় বিএসআই এর একটি মালবাহী গাড়ী গার্ড কর্তৃক ভিতরে | সভাপতি/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |

| | |
|---|---|
| ...করানো হয় সে ডিউটিতে উপস্থিত থাকলে যা কখনই সম্ভব হতো না। কর্ণেল মোহাম্মদ অলীর গাড়ী ...কের সহিত অনর্থক বাক বিতন্ডে লিপ্ত হওয়া। এ ধরণের অনিয়ম, অভিযোগ, দায়িত্ব-কর্তব্যে অবহেলা এবং ...লা ভঙ্গ ইত্যাদি বিষয়সমূহ সভাপতি উপস্থিত সকল সদস্যগনের মধ্যে উপস্থাপন করেন এবং সভার ...সম্মতিক্রমে সিকিউরিটি সুপারভাইজার মোঃ মহসীন আলীকে জুলাই মাসের বেতন উৎসব ভাতাসহ চাকুরী ...তে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| *...আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৭ ঃ* বারিধারা ডিওএইচএস এর পূর্ব দিকে তথা কনভেনশন সেন্টার এলাকার ওয়াক্ত ...নামাজ আদায়ের জন্য একটি নামাজের স্থান তৈরীর প্রয়োজন অনুভূত হচ্ছিল। ব্রিগেঃ জেনাঃ এম এইচ সাদেক ...(অবঃ), বাড়ী # ৩৬৪, ইষ্টার্ণ রোড এ ব্যাপারে গত AGM এ একটি প্রস্তাব রাখেন যা তখন নিজস্ব ...ব্যবস্থাপনায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইতিমধ্যে কনভেনশন সেন্টারে আগত অতিথিরা নামাজের স্থান তৈরীর ...ব্যাপারে প্রতিনিয়ত চাপ প্রয়োগ করতে থাকেন। এমতাবস্থায়, অত্র পরিষদের ট্রেজারার লেঃ কর্ণেল এ এইচ ...এম রুহুল ইসলাম (অবঃ) কনভেনশন সেন্টারে আগত অতিথি, পরিষদরে সদস্য ও কর্মকর্তা/কর্মচারীদের জন্য ...অজু ব্যবস্থাসহ একটি Prayer Place (Small Mosque) নির্মানের জন্য ২,০০,০০০.০০ (দুই লক্ষ) ...টাকা বা প্রয়োজন মাফিক বরাদ্দ অনুমোদনের স্থান ইসির সভায় প্রস্তাব করেন যা সকল উপস্থিত সদস্য কর্তৃক ...অনুমোদিত হয়। | লেঃ কর্ণেল এ এইচ এম রুহুল ইসলাম (অবঃ) |
| *...আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৮ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের ০১টি সিকিঃ সুপারভাইজার পদ শূন্য থাকায় উহা ...পূরণের লক্ষ্যে সিকিউরিটি গার্ড হতে সিকিউরিটি সুপারভাইজার পদে পদোন্নতির বিষয়ে আলোচনা করা হয়। ...গার্ডদের সিনিয়ারিটির তালিকায় থাকা গার্ডদের পরীক্ষার মাধ্যমে যাচাই-বাচাই পূর্বক ০১ জন সিকিউরিটি ...সুপারভাইজার নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *...আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০৯ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ...সভাতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ ...অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় ...অনুমোদিত হয়। | ট্রেজারার |

সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

[signature]
...কর্ণেল এম আব্দুল হাই
...সভাপতি

...তারিখ ঃ 20 জুলাই ২০১৪

[signature]
ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী

তারিখ ঃ 20 জুলাই ২০১৪

...কার্যক্রম ঃ

...অবগতির জন্য সকল ইসি সদস্য